সংবাদ

তারিখ ..... 19. JUL .2017
পৃষ্ঠা ... ১৬ ... কলাম ... ৮

# ঢাবিতে টিভি স্টুডিও'র যাত্রা শুরু

বিশ্ববিদ্যালয় বার্তা পরিবেশক

ঢাকা বিশ্ববিদ্যালয়ের সামাজিক বিজ্ঞান ভবনে টেলিভিশন স্টুডিও'র আনুষ্ঠানিক যাত্রা শুরু হয়েছে। গতকাল সকালে সামাজিক বিজ্ঞান ভবনের অধ্যাপক মুজাফ্‌ফর আহমেদ চৌধুরী মিলনায়তনে আয়োজিত এক অনুষ্ঠানে স্টুডিওটি'র উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক। বিশ্ববিদ্যালয়ের টেলিভিশন, চলচ্চিত্র ঢাবিতে : পৃষ্ঠা : ২ ক : ৭

## ঢাবিতে : টিভি

(১৬ পৃষ্ঠার পর)

ও ফটোগ্রাফি বিভাগের উদ্যোগে সামাজিক বিজ্ঞান ভবনের সাত তলায় এই স্টুডিওটি স্থাপিত হয়। স্টুডিওটি'র অর্থায়ন করেছে বিশ্বব্যাংকের হেকেপ প্রকল্প ও বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি)। উদ্বোধন শেষে স্টুডিওতে 'উদ্ভাবন ও উন্নয়নে উচ্চশিক্ষা' শীর্ষক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

ঢাকা বিশ্ববিদ্যালয় সামাজিক বিজ্ঞান অনুষদের ভারপ্রাপ্ত ডিন এবং টেলিভিশন, চলচ্চিত্র ও ফটোগ্রাফি বিভাগের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান অধ্যাপক ড. এ জে এম শফিউল আলম ভূঁইয়ার সভাপতিত্বে এবং একই বিভাগের সহকারী অধ্যাপক সুমাইয়া জামানের সঞ্চালনায় উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান অধ্যাপক আবদুল মান্নান। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেন টেলিভিশন, চলচ্চিত্র ও ফটোগ্রাফি বিভাগের চেয়ারপারসন রিফফাত ফেরদৌস। টিভি স্টুডিও প্রতিষ্ঠার প্রেক্ষাপট তুলে ধরেন বিভাগের সহকারী অধ্যাপক হাবিবা রহমান।

পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং........................
তারিখ........................
সিস্টেম এনালিস্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর